| ৩১। | **ক্ষুদ্র-নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট** ঃ পরিচালক জানান তাঁর বিভাগের ডিসেম্বর,২০২৫ মাসের কার্যক্রম সম্পর্কে জানান,<br>১। দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণ গ্রহণ :<br>ক) গত ২৩ নভেম্বর,২০২৫ তারিখে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ইনস্টিটিউটের কর্মকর্তা, কর্মচারিদের অংশগ্রহণে শুদ্ধাচার বিষয়ক প্রদান করা হয়েছে<br>খ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি, গত ২৯ নভেম্বর ২০২৫ তারিখে কর্মকর্তা কর্মচারিদের জন্য বাজেট বাস্তবায়ন বিষয়ক এক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় এতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা) জনাব মোঃ মিজানুর রহমান প্রশিক্ষণটি পরিচালনা করেন।<br>গ) ঢাকায় অনুষ্ঠিত আইবাস ++ সম্পর্কিত প্রশিক্ষণে এবংচারদিনব্যাপী টিওটি (১৪-১৮ ডিসেম্বর) প্রশিক্ষণে ইনস্টিটিউটের কর্মকর্তা-কর্মচারিগণ গ্রহণ করেছেন ।<br>ঘ) সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি বিষয়ক টিওটি প্রশিক্ষণপ্রাপ্ত ইনস্টিটিউটের দুইজন কর্মচারি দ্বারা গত ২২ ডিসেম্বর ২০২৫ তারিখে ইনস্টিটিউটের কর্মকর্তা,কর্মচারিদের জন্য অবহিতকরণের অংশ হিসেবে এক প্রশিক্ষণ আয়োজন করা হয়।<br>২। ইনস্টিটিউটের প্রশিক্ষণার্থী ছাত্রছাত্রীর সংখ্যা বাড়ানোর কৌশল নির্ধারণী কর্মশালাঃ ইনস্টিটিউটের সেবাদি সমূহের প্রশিক্ষণার্থী ছাত্রছাত্রীর সংখ্যা বাড়ানোর কৌশল নির্ধারণের লক্ষ্যে প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্মচারিদের অংশগ্রহণে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। গত ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত কর্মশালায় ইনস্টিটিউটের সকল কর্মকর্তা কর্মচারি অংশগ্রহণ করেন।<br>৩। অংশীজনদের অংশগ্রহণে সভাঃ সুশাসন প্রতিষ্ঠার অংশ হিসেবে ইনস্টিটিউট গত ২৩ নভেম্বর ২৫ তারিখে তরুণ অংশীজনদের অংশগ্রহণে এক সভা অনুষ্ঠিত হয়। এতে কণ্ঠ শিল্পী, নৃত্য শিল্পী, নাট্য শিল্পী, কম্পিউটার প্রশিক্ষণার্থী সহ ইনস্টিটিউটের কর্মকর্তা, কর্মচারিবৃন্দ অংশগ্রহণ করেন।<br>৪।সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক ইনস্টিটিউট তিন দিনব্যাপী (১১ ডিসেম্বর হতে ১৩ ডিসেম্বর) মহান বিজয় দিবস ২০২৫ উদযাপন ও বিজয় মেলা আয়োজন করে। তিনদিন ব্যাপী বিজয়মেলার আলোচনা সভার পাশাপাশি প্রতিদিন সাংস্কৃতিক অনুষ্ঠানসহ শিশুদের জন্য কবিতা আবৃত্তি, চিত্রাংকন প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়।<br>৫। মহান বিজয় দিবস উপলক্ষ্যে জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত ১৬ ডিসেম্বর ২০২৫ তারিখে টাউন হলে অনুষ্ঠিত সাংস্কৃতিক অনুষ্ঠানে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের একটি টিম অংশগ্রহণ করেন।<br>ঢাকা জাতীয় প্রেসক্লাব হতে ৪২ জন সম্মানিত সাংবাদিক বৃন্দের খাগড়াছড়িতে কবিতায় বিজয় উৎসব উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করার অনুরোধের পরিপ্রেক্ষিতে গত ২৬ ডিসেম্বর ২০২৫ তারিখে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের অডিটরিয়ামে এক সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান জনাব শেফালিকা ত্রিপুরা ।<br>৬। সম্মাননা প্রদান অনুষ্ঠানঃ নারী ও কন্যার প্রতি সহিংসতা প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জাতিসংঘ ঘোষিত আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ (২৫ নভেম্বর -১০,ডিসেম্বর) কর্মসূচি গ্রহণ সংক্রান্ত সংস্কৃতি | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | পরিচালক |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | বিষয়ক মন্ত্রণালয়ের চিঠির পরিপ্রেক্ষিতে জাতীয় বস্ত্র দিবস-২০২৫ পালনের অংশ হিসেবে ঐতিহ্যবাহী বয়ন শিল্পে বিশেষ অবদানের স্বীকৃতিস্বরূপ যৌথভাবে এক সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। সিএইচটি নারী হেডম্যান কার্বারী নেটওয়ার্কের সঙ্গে যৌথভাবে অনুষ্ঠিত সম্মাননা প্রদান অনুষ্ঠানটি গত ৪ ডিসেম্বর হোটেল গাইরিং হল রুমে অনুষ্ঠিত হয়। উক্ত সম্মাননা অনুষ্ঠানে ২ জন নারীসহ একজন পুরুষ বয়ন শিল্পীকে সম্মাননা প্রদান করা হয়।<br>এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | | |
| ৩২। | **জেলা পরিসংখ্যান অফিস**ঃ জেলা পরিসংখ্যান কর্মকর্তা অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | নিয়মিত সভায় যোগদান করার জন্য অনুরোধ করা হল । | উপ-পরিচালক |
| ৩৩। | **উপ-পরিচালক (মহিলা বিষয়ক)** ঃ উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলার ডিসেম্বর/২০২৫ খ্রি. মাসের উন্নয়ন কার্যক্রম সম্পর্কে জানান,<br>**০১। ভিডব্লিউবি কার্যক্রম:- ভিডব্লিউবি** কার্যক্রম এর আওতায় ২০২৫-২০২৬ চক্রে খাগড়াছড়ি জেলাধীন সকল উপজেলায় বরাদ্দকৃত ১২,২২০ জন সুফলভোগী নির্বাচন সম্পন্ন হয়েছে। খাগড়াছড়ি সদর উপজেলায় ১,২২৯ জন সুফলভোগীর অনুকূলে মাসিক জনপ্রতি ৩০ কেজি হারে ডিসেম্বর/২০২৫ মাস পর্যন্ত খাদ্যশষ্য (চাল) বিতরণ সম্পূর্ণ হয়েছে।<br>**০২। মা ও শিশু সহায়তা কর্মসূচী:-** ২০২৫-২৬ অর্থ বছরে মা ও শিশু সহায়তা কর্মসূচীর আওতায় প্রতি ইউনিয়নে ১০ জন করে ৯টি উপজেলায় ৩৮০ জন গর্ভবর্তী মা নির্বাচন করা হয়েছে নির্বাচনের মাস হতে প্রতি মা ৩ বছর পর্যন্ত মাসিক ৮৫০/- হারে ভাতা পাবেন এবং উক্ত ভাতা গর্ভবতী মায়ের নিজস্ব হিসাব এ জমা হবে। উল্লেখ্য যে গর্ভবতী মায়ের আবেদন এন্ট্রি প্রতিমাসের ১-২০ তারিখ পর্যন্ত চলমান।<br>**০৩। মা ও শিশু সহায়তায় কর্মসূচীর (পৌরসভা পর্যায়ে):** খাগড়াছড়ি পার্বত্য জেলাধীন ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রতি ওয়ার্ডে ৭ জন গর্ভবতী মা'র আবেদন এন্ট্রি চলমান আছে।<br>মাটিরাঙ্গা পৌরসভা: ২০২৫-২০২৬ অর্থবছরে প্রতি ওয়ার্ডে ৫ জন গর্ভবতী মা'র আবেদন এন্ট্রি চলমান আছে।<br>রামগড় পৌরসভা: ২০২৫-২০২৬ অর্থবছরে প্রতি ওয়ার্ডে ৫ জন গর্ভবতী মা'র আবেদন এন্ট্রি চলমান আছে।<br>**০৪। মহিলা প্রশিক্ষণ কার্যক্রম:** মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ০৫টি ট্রেডে ১) ড্রেস মেকিং এন্ড টেইলারিং (আধুনিক দর্জি বিজ্ঞান) -২০ জন, ২) সো-পিচ এন্ড হ্যান্ডিক্রাফট-২০ জন, ৩) সার্টিফিকেট-ইন-বিউটিফিকেশন ২০ জন, ৪) বক্স মেকিং এন্ড প্যাকেজিং-২০ জন এবং ৫) ব্যাগ মেকিং (প্লাস্টিকের বেতের তৈরী ব্যাগ) ২০ জন মোট ১০০ জন অক্টোবর/২০২৫ খ্রিঃ হতে ডিসেম্বর/২০২৫ খ্রি.পর্যন্ত ভর্তি করা হয়েছে। বর্তমানে প্রশিক্ষণ চলমান রয়েছে।<br>**০৫। ক্ষুদ্র ঋণ তহবিল:** ইউনিয়ন পর্যায়ে ভিডব্লিউবি উপকারভোগী দরিদ্র ও নিম্ন আয়ের মহিলাদের আত্ম-কর্মসংস্থানের উদ্দেশ্যে বিভিন্ন আয়বর্ধক কার্যক্রমের আওতায় ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায় চলমান রয়েছে। আদায়ের হার ৯৫%।<br>**০৬। স্বেচ্ছাসেবী মহিলা সমিতি:** খাগড়াছড়ি পার্বত্য জেলা ও জেলাধীন স্বেচ্ছাসেবী মহিলা সমিতি ৯৬টি, সক্রিয়-৬২টি, নিষ্ক্রিয়- ৩৪ টি।<br>**০৭। অদম্য নারী কার্যক্রম:** মহিলা বিষয়ক অধিদপ্তরের আওতায় প্রতি বছর উপজেলা এবং জেলা পর্যায়ে ৫ ক্যাটাগরিতে অদম্য নারী নির্বাচন পূর্বক সম্মাননা প্রদান করা হয়।<br>**০৮। কিশোর-কিশোরী ক্লাব কার্যক্রম:** সমাজের প্রান্তিক পর্যায়ের কিশোর-কিশোরীদের মধ্যে সচেতনতা গড়ে তোলার লক্ষ্যে, এবং তাদের আচরনে ইতিবাচক পরিবর্তন আনতে কিশোর-কিশোরী ক্লাব কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়াও তাদের জেন্ডার বিষয়ক, সামাজিক সচেতনতা ও দুর্যোগ প্রশমন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। শ্রেণী কার্যক্রমের মাধ্যমে তাদের আবৃতি, গান, তবলা শেখানো হয়।<br>**০৯। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ এবং যৌতুক নিরোধ কার্যক্রম:** নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ নিরোধ সহ নারীর ক্ষমতায়নে প্রতি | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | উপ-পরিচালক (মহিলা বিষয়ক) |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | মাসে জেলা, উপজেলার ইউনিয়ন সমূহে উঠান বৈঠক, উদ্বুদ্ধকরণ সভা করা হয়। এছাড়াও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক পরিচালিত নারী নির্যাতন প্রতিরোধ কল্পে মাল্টিসেক্টোরাল প্রোগ্রাম চলমান আছে। নারী ও শিশু নির্যাতন, সংক্রান্ত বাল্যবিবাহ, যৌতুক প্রদান সংক্রান্ত যে কোন অভিযোগ প্রতিকারের জন্য রয়েছে টোল ফ্রি নাম্বার ১০৯। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | | |
| ৩৪। | **জেলা ক্রীড়া অফিস** ঃ জেলা ক্রীড়া কর্মকতা তাঁর বিভাগের ডিসেম্বর/২০২৫ মাসে গৃহীত বিভিন্ন কর্মসূচী সম্পর্কে জানান,<br>১। তারুণ্য উৎসব-২০২৫ উপলক্ষ্যে সেপাক টাকরো প্রতিযোগিতা ১৮/১২/২০২৫ তারিখে খাগড়াছড়ি স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়েছে। অংশগ্রহণকারী ছিল ৩২ জন ।<br>বিভাগের অন্যান্য কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি । |
| ৩৫। | **জেলা সমবায় বিভাগ** ঃ জেলা সমবায় কর্মকর্তা **তাঁর বিভাগের ডিসেম্বর/২০২৫ মাসের কার্যক্রম সম্পর্কে জানান,**<br>১। সমবায় সমিতি নিবন্ধন : বিগত মাস পর্যন্ত মোট নিবন্ধিত সমিতির সংখ্যা- কেন্দ্রীয়- ০৯টি, প্রাথমিক- সাধা: ৬৪৭, পউবো: ৫১৮=১১৬৫টি, চলতি মাস পর্যন্ত নিবন্ধনের সংখ্যা মোট : নাই । চলতি মাস পর্যন্ত স্থিতি : সাধা: ৬৫১, পউবো: ৫১৮ মোট ১১৬৯।<br>২। ০৯টি **উপজেলায় সুবিধাভোগী সমবায়ীর সংখ্যা ৬৫১টি, মোট সদস্য সংখ্যা ৩৯৩১৯ জন** ।<br>৩। অডিট অগ্রগতি ঃ অডিটযোগ্য সমিতি কেন্দ্রীয় ০৯টি, প্রাথমিক- ২৩৬টি, বর্তমান মাসে অডিট সম্পাদন কেন্দ্রীয়-৪, প্রাথমিক -৫৮টি।<br>৪। রাজস্ব আদায় ঃ অডিট ফি-বিগত মাস পর্যন্ত আদায়-৫১২৪০ টাকা, বর্তমান মাসে আদায়-৯৯৩৯ টাকা মোট আদায় ৬১১৭০ টাকা ।<br>৫। মূলধন আদায়: ক. বিগত মাস পর্যন্ত শেয়ার মূলধন আদায়- ১৪৪৮.২৬ টাকা বর্তমান মাসে আদায়- ১.২৫ টাকা এবং খ. মোট সঞ্চয় আমানত ৮২১৩.২২ টাকা। বর্তমান মাসে আদায় : ২.৫ টাকা। ৩য় ও ৪র্থ শ্রেণীর শূন্য পদের সংখ্যা- ১৮টি । বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | জেলা সমবায় কর্মকর্তা |
| ৩৬। | **ইসলামিক ফাউন্ডেশন** ঃ উপপরিচালক অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | নিয়মিত সভায় যোগদানের জন্য অনুরোধ করা হল । | উপ-পরিচালক |
| ৩৭। | **বাংলাদেশ শিশু একাডেমী** ঃ- জেলা শিশু বিষয়ক কর্মকর্তা তাঁর বিভাগের ডিসেম্বর, ২০২৫ মাসের কার্যক্রম সম্পর্কে জানান,<br>১। ১৪/১২/২০২৫ তারিখে "মুক্তিযুদ্ধ ও বিজয় দিবস" বিষয়ক রচনা প্রতিযোগিতা এবং কবিতা আবৃত্তি-অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে ।<br>২। ১৫/১২/২০২৫ তারিখে "মুক্তিযুদ্ধ ও বিজয় দিবস" উপলক্ষে চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে ।<br>৩। বিজয় দিবস,২০২৫ উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ করা হয়েছে । বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা |
| ৩৮। | **তুলা উন্নয়ন বোর্ড** ঃ প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা তাঁর বিভাগের ডিসেম্বর/২৫ মাসের কার্যক্রম সম্পর্কে জানান,<br>১। পাহাড়ী জাতের ৫৬০ কেজি ও হাইব্রীড জাতের ৩৮৫ কেজি তুলাবীজ এবং ৫০০টি শিমুল তুলার চারা চাষীদের মাঝে বিনা মূল্যে বিতরণ করা হয়েছে।<br>২। **রাজস্ব অর্থায়নে ৩৯টি** (সাধারণপ্রদর্শনী ১৪টি, আইপিএম প্রদর্শনী ২০ টি, অনফার্ম ট্রায়াল প্লট ০১টি ও ০৪টি বিটিতুলার প্রদর্শনী), প্রদর্শনী প্লট স্থাপন করা হয়েছে।<br>৩। তুলার গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্পের আওতায় **০৩টি**তুলা ভিত্তিক শস্য বিন্যাস প্রদর্শনী প্লট এবং ০২টি আদর্শ প্রদর্শনী প্লট স্থাপন করা হয়েছে।<br>৪। "তুলার সাথে সবজি, মসলা, ডাল ও অন্যান্য ফসলের চাষ" কর্মসূচীর | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | **অর্থায়নে ৩০টি** (তুলা +সবজি জাতের ফসল প্রদর্শনী ০৫টি, তুলা + শাকজাতের ফসল প্রদর্শনী ২০টি, তুলা+মসলা জাতের ফসলপ্রদর্শনী ০৫টি) প্রদর্শনী প্লট স্থাপন করা হয়েছে।<br>৫। পার্টনার প্রকল্পের আওতায় ০৪টি (পার্টিসিফেটরিট্রায়াল ০২ টি, ও এডাপটিভট্রায়াল প্লট ০২টি), প্রদর্শনী প্লট স্থাপন করা হয়েছে।<br>৬। প্রণোদনা কর্মসূচীর আওতায় ২০০টি প্রদর্শনী প্লট স্থাপন করা হয়েছে।<br>৭। "পাবর্ত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র্য বিমোচন" শীর্ষক প্রকল্পের আওতায় ৯৫টি প্রদর্শনী প্লট স্থাপন করা হয়েছে।<br>বিভাগীয় অন্যান্য কার্যাবলি স্বাভাবিক রয়েছে। | | |
| ৩৯। | **জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস** ঃ জনশক্তি ও জরীপ কর্মকর্তা, তাঁর বিভাগের ডিসেম্বর/২০২৫ খ্রি. মাসের কার্যক্রম সম্পর্কে জানান,<br>১. খাগড়াছড়ি জেলায় মোট ৯৮২৫ জন বিদেশ গমনেচ্ছু কর্মী অনলাইনে রেজিষ্ট্রেশন করেন।<br>২. এ মাসে ৯০ জনকে রেজিষ্ট্রেশন ও ফিঙ্গার প্রিন্ট করা হয়েছে।<br>৩. অত্র জেলা হতে বিদেশে কর্মরত অবস্থায় মৃতুবরণকারী ৩৭ জনের ওয়ারিশগণকে আর্থিক সহায়তা বাবদ ওয়েজ অনার্স কল্যাণ বোর্ড হতে ০৩ লক্ষ টাকা করে মোট ১,১১,৭৪,১৫১/- টাকা প্রদান করা হয়েছে।<br>৪. প্রবাসী কর্মীদের মেধাবী সন্তানদের শিক্ষাবৃত্তি প্রদান সংক্রান্ত ঃ ওয়েজ অনার্স কল্যাণ বোর্ড হতে প্রবাসী কর্মী মেধাবী সন্তানদের মধ্যে শিক্ষা বৃত্তি প্রদানের জন্য অনলাইনে আবেদন করা যায়।<br>৫. অত্র জেলা হতে বিদেশে গমনকৃত কর্মীর সংখ্যা ঃ জন শক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো পরিসংখ্যানে জানা যায় যে, অত্র জেলা হতে মোট = ১৩৫৫১ জন পৃথিবীর বিভিন্ন দেশে চাকুরী নিয়ে গমন করেছেন।<br>৬. সৌদি আরবে ইচ্ছুক মহিলা কর্মীদের (জব ফেয়ার ) সংক্রান্ত ঃ জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো ঢাকা এর নির্দেশ ক্রমে সৌদি আরবে গমনেচ্ছু কর্মীদের সচেতনা বৃদ্ধি ও উদ্ধুদ্ধ করনের লক্ষ্যে (জব ফেয়ার) করা হয়।<br>৭. খাগড়াছড়ি পার্বত্য জেলা হতে যাতে অধিক সংখ্যক কর্মী প্রেরণ করা যায় সেই লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় অত্র জেলায় রিক্রুটি এজেন্সির লাইসেন্স প্রদানের লক্ষ্যে আবেদনপত্র প্রেরণের জন্য যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান, মহা-পরিচালক জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, বরাবর আবেদন করার পরামর্শ অব্যাহত আছে।<br>৮. প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রতিবন্ধী ভাতা প্রদান করা হচ্ছে। অত্র জেলা হতে ০২(দুই) জন প্রতিবন্ধী সন্তানদের প্রতি মাসে ১০০০/- (এক হাজার) টাকা হারে নিয়মিত প্রদান করা হচ্ছে।<br>৯. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত বিভিন্ন দেশে বিদেশগামী কর্মীদের সার্ভিস চার্জ ও অভিবাসন ব্যয় আলাদা আলাদাভাবে নির্ধারণ করা হয় । যেমন- ক. মালয়েশিয়া- ১. নির্মাণ/কারখানা শ্রমিকের জন্য ১,৬০,০০০/- টাকা, ২. কৃষি শ্রমিকের জন্য ১,৪০,০০০/- টাকা। খ. লিবিয়া : ১,৪৫,৭৮০/- টাকা, গ. বাহরাইন- ৯৭,৭৮০/- ঘ. সংযুক্ত আরব আমিরাত ১,০৭,৭৮০/- ঙ. কুয়েত ১,০৬,৭৮০/- চ. সালতানাত অব ওমান ১,০৬,৭৮০/- ছ. ইরাক ১,২৯,৫৪০/- জ. কাতার ১,০০,৭৮০/- ঝ. জর্ডান ১,০২,৭৮০/- ঞ. মিশর ১,২০,০৮০/- ট. রাশিয়া ১,৬৬,৬৪০/- ঠ. মালদ্বীপ ১,১৫,৭৮০/- ড. ব্রুনাই দারুস সালাম ১,২০,৭৮০/- ঢ. লেবানন ১,১৭,৭৮০/- । | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | সহকারী পরিচালক |
| ৪০। | **হর্টিকালচার সেন্টার, রামগড়** ঃ- অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | নিয়মিত সভায় যোগদানের জন্য অনুরোধ করা হল । | উপপরিচালক |
| ৪১। | **হর্টিকালচার সেন্টার, খেজুরবাগানসহ জেলার হর্টিকালচার সেন্টারসমূহ** ঃ **উদ্যানতত্ত্ববিদ, হর্টিকালচার সেন্টার,** খেজুর বাগান, খাগড়াছড়ি হর্টিকালচার সেন্টারসমূহের ডিসেম্বর/২০২৫খ্রি. মাসের কার্যক্রম সম্পর্কে জানান,<br>ক. লক্ষ্যমাত্রা, উৎপাদন, বিতরণ,কলমায়ন ও মজুদ পরিস্থিতি : | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | উপ-পরিচালক |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|

| সেন্টারের নাম | চারা/কলম লক্ষ্যমাত্রা | উৎপাদন | | | | বিতরণ মৃত/বিনষ্ট | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | চলতি মাস | পূর্ব মাস | পূর্ব বছরের জের | মোট | চলতি মাস | পূর্ব মাস | মৃত/নষ্ট | মোট | নীট মজুদ |
| খেজুরবাগান | ৬০০০০ | ২০৫৫০ | ১৪০১০ | ১৯২৯২ | ৫৩৮৫২ | ৩০০০ | ১২৪৩৪ | ১০৫২ | ১৬৪৮৬ | ৩৭৩৬৬ |
| নারানখাইয়া | ৫৫৫৫০ | ১০০০ | ৪১৯০০ | ৬৪৬০৩ | ১০৭৫০৩ | ৬৫০ | ৬৮১০ | ৫২৬৩৬ | ৬০০৯৬ | ৪৭৪০৭ |
| পানছড়ি | ৪৫০০০ | ১৩০০ | ২৩৭০০ | ৩৬২১৭ | ৬১২১৭ | ৪৩০০ | ৮৯৪০ | ২৩৭৩ | ১৫৬১৩ | ৪৫৬০৪ |
| দীঘিনালা | ৭০৫২০ | ৮৭৫০ | ৫২১৫০ | ১৩৯৩৬ | ৭৪৮৩৬ | ১৬৯২ | ৪৭৬১ | ২৭২৪ | ৯১৭৭ | ৬৫৬৫৯ |
| সর্বমোট | ২৩১০৭০ | ৩১৬০০ | ১৩১৭৬০ | ১৩৪০৪৮ | ২৯৭৪০৮ | ৯৬৪২ | ৩২৯৪৫ | ৫৮৭৮৫ | ১০১৩৭২ | ১৯৬০৩৬ |

খ. রাজস্ব রির্টাণ সংক্রান্ত :

| সেন্টারের নাম | অর্থনৈতিক কোড ও বিষয় | | | | চলতি মাসে জমা | পূর্ব মাসে জমা | মোট জমা |
|---|---|---|---|---|---|---|---|
| | ২৩৫৬ চারা কলম বাবদ | ২৩৪১ কৃষিজাত দ্রবাদি | ২৬৮১ বিশ্রামাগার | ১৪২২৩২৮ দরপত্র | | | |
| খেজুর বাগান | ৩০০০/- | - | ৩০০০ | - | ৬০০০/- | ৩৬৫৮৫ | ৪২৫৮৫ |
| নারানখাইয়া | ১৩০০/- | - | - | - | ১৩০০/- | ১৪৫০০ | ১৫৮০০ |
| পানছড়ি | ৫০০০ | | - | - | ৫০০০ | ১২৩০০০ | ১২৯৫০০ |
| দীঘিনালা | ৯৫০ | ৫৪০০ | - | - | ৬৩৫০০ | ১৮৩৩৪৫ | ১৮৯৬৯৫ |
| সর্বমোট | ১০২৫০/- | ৫৪০০ | ৩০০০ | | ১৮৬৫০/- | ৩৫৭৪৩০ | ৩৭৭৫৮০ |

গ. জনবল সংক্রান্ত :

| সেন্টারের নাম | মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদ | শুন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| খেজুর বাগান | ৩৩ | ২৩ | ১০ | |
| নারানখাইয়া | ২১ | ২০ | ০১ | |
| পানছড়ি | ২১ | ১৪ | ০৭ | |
| দিঘীনালা | ২১ | ১৫ | ০৬ | |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৪২। | **জেলা তথ্য অফিস** ঃ জেলা তথ্য অফিসার অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | জেলা তথ্য অফিসার |
| ৪৩। | **বিটিসিএল** ঃ সহকারী ব্যবস্থাপক অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | সহকারী ব্যবস্থাপক |
| ৪৪। | বাজার ফান্ড ঃ অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | | |
| ৪৫। | **সরকারী শিশু পরিবার (মিশ্র)** ঃ উপ-তত্ত্বাবধায়ক তাঁর বিভাগের ডিসেম্বর, ২০২৫ মাসের কার্যক্রম সম্পর্কে জানান,<br>১। অনুমোদিত আসন সংখ্যা : বালক ৫০, বালিকা ৫০ জন । শিশু শ্রেণী হতে এসএসসি পরীক্ষার্থী পর্যন্ত বর্তমান নিবাসীর সংখ্যা-৯৩ জন ।<br>২। ডরমেটরি ভবনটি জরাজীর্ন, বসবাস অযোগ্য হওয়ায় অতিসত্ত্বর নতুন ডরমেটরি ভবন নির্মাণ করা প্রয়োজন । | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | উপতত্ত্বাবধায়ক |
| ৪৬। | **জেলা নির্বাচন অফিস** ঃ- জেলা নির্বাচন অফিসার বিগত মে/২০২৫ মাস হতে সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা যাচ্ছে না । তাঁর অনুপস্থিতির বিষয়ে সভায় অসন্তোষ প্রকাশ করা হয় । পরবর্তী সভা হতে নিয়মিতভাবে সভায় যোগদান করার জন্য তাঁকে অনুরোধ করা হয় । অন্যথায় তাঁর সভায় অনুপস্থিতির বিষয়ে মন্ত্রীপরিষদ বিভাগসহ সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়কে অবহিত করা হবে । | মে/২০২৫ মাস হতে সভায় অনুপস্থিত থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয় । পরবর্তী সভা হতে নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | জেলা নির্বাচন অফিসার |
| ৪৭। | **ট্যুরিষ্ট পুলিশ, খাগড়াছড়ি জোন** ঃ জেলা ট্যুরিষ্ট পুলিশ বিভাগের প্রতিনিধি অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | নিয়মিত সভায় যোগদানের জন্য অনুরোধ করা হল । | ট্যুরিষ্ট পুলিশ, খাগড়াছড়ি জোন |
| ৪৮। | পর্যটন মোটেল, খাগড়াছড়ি ঃ ব্যবস্থাপক জনাব ক্যাচিং মারমা তাঁর বিভাগের নভেম্বর,২০২৫ মাসের কার্যক্রম সম্পর্কে জানান, আয় = ২৮৬,৪৬৪/- টাকা, ব্যয় = ৪,০০,৭১০/= টাকা, স্থিতি = (-) ১,১৪২৫২/- টাকা ।<br>ব্যবস্থাপক, পর্যটন মোটেল খাগড়াছড়ি ইউনিটের সৌন্দর্য বর্ধনের জন্য | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | ইউনিট ব্যবস্থাপক |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | প্রবেশ দ্বারে প্রধান ফটক নির্মাণ করার জন্য মাননীয় চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদকে অনুরোধ জানান । | | |
| ৪৯। | **স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি** ঃ সহকারী প্রকৌশলী তাঁর বিভাগের ডিসেম্বর/২৫ মাসের কার্যক্রম সম্পর্কে জানান,<br>ক. খাগড়াছড়ি সদর উপজেলা উপ-পরিচালক, পরিবার পরিকল্পনার অফিস ভবন নির্মাণ কাজ চলমান আছে। কাজের অগ্রগতি ৭৭.০০%।<br>খ. লক্ষীছড়ি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ৩১-৫০ শয্যা উন্নীতকরন, মেরামত ও সংস্কার কাজ চলমান। অগ্রগতি ৮২.০০%।<br>গ. দীঘিনালা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ১০-৫০ শয্যা উন্নীতকরন, মেরামত ও সংস্কার কাজ চলমান। কাজের অগ্রগতি ৮৯.০০%। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | সহকারী প্রকৌশলী |
| ৫০। | **খাগড়াছড়ি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র** ঃ অধ্যক্ষ এর প্রতিনিধি তাঁর বিভাগের ডিসেম্বর/২৫ মাসের কার্যক্রম সম্পর্কে জানান,<br>খাগড়াছড়ি কারিগরি প্রশিক্ষন কেন্দ্রের অক্টোবর-ডিসেম্বর/২০২৫ সেশনে প্রশিক্ষণার্থীদের পরিসংখ্যান :<br>১। কম্পিউটার অপারেশন ৩১ জন ২। সুইং মেশিন অপারেশন ২৯ জন<br>৩। ইলেকট্রিক্যাল ইন্সটালেশন এন্ড মেইনটেন্যান্স- ২৪ জন ।<br>৪। রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং- ৩১ জন । ৫। ফুড প্রসেসিং = ২৪ জন, ০৬। কনজুমার ইলেকট্রনিক্স- ২০ জন মোট ১৫৯ জন ।<br>৭। ড্রাইভিং উইথ অটো মেকানিক্স (সেশন-অক্টোবর-ডিসেম্বর/২০২৫) ভর্তিকৃত সংখ্যা ৪০ জন,<br>৮। হাউজ কিপিং ও ক্যান্টনিজ ভাষা প্রশিক্ষণ কোর্সে ভর্তিকৃত প্রশিক্ষণার্থীর সংখ্যা=২০ জন । এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | অধ্যক্ষ |
| ৫১। | **খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ** ঃ অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | নিয়মিত সভায় যোগদানের জন্য অনুরোধ করা হল । | অধ্যক্ষ |
| ৫২। | **আঞ্চলিক পাসপোর্ট অফিস** ঃ সহকারী পরিচালক জানান, তাঁর বিভাগের নভেম্বর/২৫ মাসের কার্যক্রম সম্পর্কে জানান, পাসপোর্টের মোট আবেদনপত্র জমা হয়েছে ৬৯৭টি, নিস্পত্তি হয়েছে ৬৯৩টি । রাজস্ব আয় হয়েছে ৩৮,৫৭,৩২৫/- টাকা যা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | উপ-সহকারী পরিচালক |
| ৫৩। | **জেলা সরকারি গণগ্রন্থাগার** ঃ লাইব্রেরীয়ান, জেলা সরকারি গণগ্রন্থাগার, খাগড়াছড়ি তাঁর দপ্তরের ডিসেম্বর/২০২৫ মাসের অগ্রগতির প্রতিবেদন নিম্নেরুপভাবে পেশ করেন;<br>০১। মোট পাঠক উপস্থিতি-১২৪৬জন; পুরুষ-৫৩৭, নারী-২৩৭, শিশু-৪৭২।<br>০২। ইন্টারনেট পাঠক-১০৬ জন, পুরুষ-৬৪, নারী-২২, শিশু-২০।<br>০৩। লেন্ডিং সিস্টেমের ইস্যুকৃত পুস্তকের সংখ্যা-৬৯টি, ফেরত-৬৬টি।<br>০৪। বই ধার কার্ড ব্যবহারকারী সদস্য সংখ্যা-২৮২, পুরুষ-২৮, নারী-১৯, শিশু-২৩৫<br>০৫। তারুণ্য উৎসব ২০২৫উপলক্ষে আয়োজিত আবৃত্তি, উপস্থিত বক্তৃতা প্রতিযোগিতা এবং প্রাথমিক/মাধ্যমিক/মাদ্রসা শিক্ষা প্রতিষ্ঠান পরিদশন পুর্বক কুইজ প্রতিযোগিতায় মোট ৪৩ জনবিজয়ীকেসনদ ও পুরস্কার বিতরণ করা হয়েছে।<br>০৬। পবিত্র ঈদ- ই-মিলাদুন্নবী ২০২৫ উপলক্ষে কুইজ প্রতিযোগিতায় মোট ০৬ জন বিজয়ীকে সনদ ও পুরস্কার বিতরণ করা হয়েছে।<br>০৭। ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৫ উপলক্ষে আয়োজিত রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতায় মোট ১৭ জন বিজয়ীকে সনদ ও পুরস্কার বিতরণ করা হয়েছে। অন্যান্য দাপ্তরিক কাজ স্বাভাবিক। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | লাইব্রেরিয়ান |
| ৫৪। | **জেলা শিল্পকলা একাডেমী** ঃ জেলা কালচারাল কর্মকর্তা অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল। | জেলা কালচারাল কর্মকর্তা |
| ৫৫। | **জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, খাগড়াছড়ি** ঃ প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা ডিসেম্বর/২৫ মাসের কার্যক্রম সম্পর্কে জানান, মোট সেবা গ্রহীতার নতুন রোগীর সংখ্যা ৪৫ জন, এ মাস পর্যন্ত থেরাপী সেবা প্রদান করা হয়েছে ১০৫৯ জনকে । | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | জেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | বিনামূল্যে হুইল চেয়ার বিতরণ করা হয়েছে ১২ জনকে এবং ট্রাই সাইকেল বিতরণ করা হয়েছে ০৩ জন শারিরিক প্রতিবন্ধীকে । | | |
| ৫৬। | **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সুরক্ষা সেবা বিভাগ ঃ** সহকারী উপ-পরিদর্শক তাঁর বিভাগের নভেম্বর/২৫ মাসের কার্যক্রম সম্পর্কে জানান, অভিযান পরিচালনা করা হয়েছে ৪২টি। মোবাইল কোর্ট অভিয়ান করা হয়েছে ২৬টি । মামলার সংখ্যা-১০, গ্রেফতার সংখ্যা -১০ জন । উদ্ধারকৃত আলামত ইয়াবা-১০ পিচ , চোলাই মদ ০৮ লিটার। | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | সহকারী পরিচালক |
| ৫৭। | **দীঘিনালা উপজেলা পরিষদ ঃ** অনুপস্থিত । | | |
| ৫৮। | **মহালছড়ি উপজেলা পরিষদ ঃ-** অনুপস্থিত । | | |
| ৫৯। | **পানছড়ি উপজেলা পরিষদ ঃ- অনুপস্থিত ।** | | |
| ৬০। | **মাটিরাঙ্গা উপজেলা পরিষদ ঃ- অনুপস্থিত ।** | | |
| ৬১। | **গুইমারা উপজেলা পরিষদ : অনুপস্থিত ।** | | |
| ৬২। | **মানিকছড়ি উপজেলা পরিষদ ঃ-** অনুপস্থিত । | | |
| ৬৩। | **লক্ষীছড়ি উপজেলা পরিষদ ঃ**-অনুপস্থিত । | | |
| ৬৪। | **রামগড় উপজেলা পরিষদ ঃ-** অনুপস্থিত । | | |
| ৬৫। | **খাগড়াছড়ি সদর উপজেলা পরিষদ : অনুপস্থিত ।** | | |
| ৬৬। | **রামগড় পৌরসভা ঃ** অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | | |
| ৬৭। | **মাটিরাঙ্গা পৌরসভা ঃ** অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | | |
| ৬৮। | খাগড়াছড়ি পৌরসভা ঃ অনুপস্থিত থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে জানা গেল না । | | |
| ৬৯। | **জেলা কমাড্যান্ট আনসার ও ভিডিপি ঃ** জেলা কমান্ড্যান্ট তাঁর বিভাগের কার্যক্রম সম্পর্কে জানান,<br>০১। নিরাপত্তামূলক কার্যক্রমের আওতাধীন (ক) অংগীভূত হিল ভিডিপি ঃ ০৯টি উপজেলায় ০২টি রিজিয়নের ১২টি জোনের অধীনে ৩৭৬২ জন হিল ভিডিপি সদস্য নিয়োজিত থেকে সেনাবাহিনী তথা নিরাপত্তা বাহিনীর সাথে দায়িত্ব পালন করে আসছে।<br>(খ) হিল আনসার ঃ জেলার ০৫টি উপজেলায় ৪৭০ জন হিল আনসার সংশ্লিষ্ট সেনাবাহিনী তথা নিরাপত্তা বাহিনীর সাথে দায়িত্ব পালন করে আসছে।<br>(গ) অংগীভূত আনসার ঃ বিভিন্ন সরকারী দপ্তর ও ব্যাংকে ১৪৫ জন অংগীভূত আনসার নিরাপত্তামূলক কাজে নিয়োজিত রয়েছেন।<br>২। **প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম ঃ**<br>প্রশিক্ষণ গ্রহণের জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা নির্ধারিত কোটা অনুযায়ী সদস্য-সদস্যা বাছাই করে জেলা কার্যালয়ে তালিকা প্রেরণ করেন। আনসার বাহিনীর সদস্য হলে সম্পূর্ণ সরকারী খরচে (থাকা, খাওয়া, যাতায়াত, পোশাকাদি) ২১ দিন মেয়াদী ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (পুরুষ ও মহিলা), ১০ সপ্তাহ মেয়াদী সাধারণ আনসার মৌলিক প্রশিক্ষণ কেন্দ্রীয়ভাবে আনসার ভিডিপি একাডেমীতে প্রদান করা হয়ে থাকে।<br>৩। আনসার ও ভিডিপি উন্নয়ন ব্যাংক ঃ<br>২৩৮ টি শাখার মাধ্যমে একটি বাড়ী একটি খামার সমন্বিত কৃষি ঋণ কর্মসূচীর আওতায় ১০০ কোটি টাকা ঋণ দেয়ার কার্যক্রমের অংশ হিসেবে এ ব্যাংকের খাগড়াছড়ি শাখার মাধ্যমে অত্র জেলার আওতাধীন কর্মরত ব্যাটালিয়ন আনসার, হিল আনস্যার, হিল ভিডিপি, কর্মকর্তা/কর্মচারী ও অংগীভূত আনসারদের মাঝে সহজ শর্তে ঋণদান কার্যক্রম পরিচালনা করে আসছে।<br>জেলা কমান্ড্যান্ট জানান, চেঙ্গীব্রীজের পাশে আনসার ভিডিপির প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে । এ কেন্দ্রটি প্রান্তিক জনগনের জীবনমান উন্নয়নের জন্য ০৩ | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | |

| ক্রমিক নং | বিভাগের নাম ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | পার্বত্য জেলার মধ্যে অন্যতম প্রশিক্ষণ কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষ্যে কার্যক্রম হাতে নেয়া হয়েছে । এ কেন্দ্রের সীমানা এরিয়ার মাঝ বরাবর দিয়ে সর্ব সাধারণের যাতায়তের জন্য জেলা পরিষদ কর্তৃক বাস্তবায়নাধীন ব্রীকসলিং রাস্তাটি আনসার ভিডিপির এরিয়ার মাঝখানে না করে এরিয়ার সীমানার পাশ দিয়ে নির্মাণ করার ব্যবস্থা গ্রহণের জন্য তিনি সভাপতির মাধ্যমে নির্বাহী প্রকৌশলী, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়িকে অনুরোধ করেন । | | |
| ৫০। | **পুলিশ বিভাগ** ঃ জনাব মোঃ মিজানুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার জানান, খাগড়াছড়ি জেলার সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক আছে । তিনি আরো জানান, জেলায় খ্রীস্টান ধর্মালম্বীদের ২৫ ডিসেম্বর বড়দিন প্রায় ১৮৭টি গীর্জায় শান্তিপূর্ণভাবে উদযাপিত হয়েছে । তিনি জানান, খাগড়াছড়ি জেলায় থার্টিফার্স্ট অনুষ্ঠান জাকজমকপূর্ণভাবে হয়ে থাকে । এজন্য থার্টিফার্স্ট নাইট উদযাপন উপলক্ষ্যে আইনশৃংখলা বিভাগ থেকে নিরাপত্তা কার্যক্রম জোরদার করা হয়েছে । তিনি জানান, জাতীয় সংসদের নির্বাচন ঘনিয়ে আসছে । আসন্ন নির্বাচনে আইন শৃংখলা পরিস্থিতি যাতে স্বাভাবিক থাকে সে জন্য পর্যাপ্ত প্রস্তুতি রয়েছে । তিনি জানান, এ জেলার অধিকাংশ কর্মকর্তা স্থানীয় পর্যায়ের । তাঁদের সরকারী দায়িত্বের পাশাপাশি সামাজিক দায়িত্বও রয়েছে । তাই আইনশৃংখলা অবনতি সংশ্লিষ্ট যে কোন তথ্য পেয়ে থাকলে তা পুলিশ বিভাগকে অবহিত করার জন্য তিনি উপস্থিত সকলকে অনুরোধ জানান । | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | পুলিশ সুপার |
| ৫১। | জেলা প্রশাসন ঃ জেলা প্রশাসকের প্রতিনিধি সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মোঃ মাহফুজ উল শাকিক জানান, জেলা প্রশাসনের কার্যক্রম স্বাভাবিকভাবে আছে এবং জেলার সার্বিক আইন শৃংখলা পরিস্থিতিও স্বাভাবিক আছে । তিনি জানান, আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট উপলক্ষ্যে নির্বাচনী আচরণ বিধি-২০২৫ এবং গণপ্রতিনিধিত্ব আইনের আওতায় নির্বাচনী আচরণ বিধি যথাযথভাবে অনুসরণ হচ্ছে কিনা সে বিষয়ে প্রতিটি উপজেলায় নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে । খাগড়াছড়ি জেলায় যাতে শান্তিপূর্ণভাবে আসন্ন নির্বাচনটি সম্পন্ন করা যায় সেজন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন । | বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া গেল । | পুলিশ সুপার |
| ৫২। | বিবিধ ঃ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা উপস্থিত বিভাগীয় কর্মকর্তাগনের দৃষ্টি আকর্ষন করে বলেন, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের নব নির্মিত ভবনটির নির্মাণ কাজ সম্পন্ন হওয়ায় আগামী জানুয়ারী, ২০২৬ এর তৃতীয় সপ্তাহে পুরাতন ভবন হতে নতুন ভবনে অফিস স্থানান্তর করা হবে । নতুন ভবনে পরিষদের কার্যালয় স্থানান্তরিত হলে পুরাতন ভবনটি আগ্রহী সরকারী অফিসকে ভাড়া প্রদান করা হবে । তিনি আগ্রহী কর্মকর্তাগনকে অফিসের কত পরিমাণ স্পেস লাগবে তা উল্লেখ করে আগামী ১৫ জানুয়ারী,২৬ তারিখের মধ্যে মাননীয় চেয়ারম্যান, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ বরাবর আবেদন করার জন্য অনুরোধ জানান । | খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের পুরাতন ভবনে অফিস ভাড়া নিতে আগ্রহী কর্মকর্তাগনকে অতিদ্রুত পত্র প্রেরণ করা হবে । | নির্বাহী কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ |

সভাপতি জানান, আজ ৩০ ডিসেম্বর, মঙ্গলবার, ভোর ৬টায় রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধনি অবস্থায় বাংলাদেশের তিনবারের সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ইন্তেকাল করেছেন । তাঁর মৃত্যুতে সারাদেশে শোকাবহ সময়ের প্রতি সংহতি জানিয়ে খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক আয়োজিত থার্টিফার্স্টের অনুষ্ঠান বাতিল করার সিদ্ধান্তের কথা সভাকে জানান এবং থার্টিফার্স্টের অনুষ্ঠান হতে বিরত থাকার জন্য উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তগণকেও অনুরোধ জানান । সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আর একবার ধন্যবাদ ও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত : ১২-০১-২-২৬
শেফালিকা ত্রিপুরা
চেয়ারম্যান
পার্বত্য জেলা পরিষদ,

খাগড়াছড়ি।

তারিখ ঃ ২৯ পৌষ ১৪৩২ / ১৩ জানুয়ারী ২০২৬

স্মারক নং-২৯.২৩৬.৪৬০০.১০২.০০০.০১.০০৩.২৪.৮০

অনুলিপি ঃ - সদয় অবগতি / কার্যার্থে ঃ

১। চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, পুরোনো সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৪। সচিব, ............................................................................, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬। ভাইস-চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাংগামাটি পার্বত্য জেলা।
৭। রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি/গুইমারা রিজিয়ন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮। সেক্টর কমান্ডার, বিজিবি, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৯। জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১০। মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/বান্দরবান পার্বত্য জেলা।
১১। পুলিশ সুপার, খাগড়াছড়ি।
১২। জনাব --------------------------------------------------------------------সদস্য, পাজেপ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৩। মেয়র/উপজেলা চেয়ারম্যান (সকল) ..........................................................................।
১৪। বিভাগীয় প্রধান (সকল) ..........................................................................................।
১৫। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) ..............................................................।
১৬। সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) .......................................................................................।
১৭। সংরক্ষিত নথি।

১৩/১/২৬

(মোঃ নোমান হোসেন)
মুখ্য নির্বাহী কর্মকর্তা(উপসচিব)
খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ,
খাগড়াছড়ি পার্বত্য জেলা ।

**জেলা উন্নয়ন সমন্বয় কমিটি'র সভায় উপস্থিত কর্মকর্তাগনের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) ঃ-**

১. জনাব মাহফুজ-উল-শাকিক, সহকারী কমিশনার প্রতিনিধি জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২. জনাব মোঃ মিজানুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার , খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩. ডা. মোহাম্মদ ছাবের, সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
৪. জনাব মোহাম্মদ আশরাফুল আলম, উপবিভাগীয় প্রকৌশলী, গনপুর্ত বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৫. জনাব নাসির উদ্দিন চৌধুরী, উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
৬. জনাব মো: ফরিদ মিয়া, বিভাগীয় বন কর্মকর্তা, খাগড়াছড়ি বন বিভাগ।
৭. ডা: মো: আলী আযম, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৮. ড. রাজু আহমেদ, জেলা মৎস্য কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
৯. জনাব জ্ঞানপ্রিয় বিদূর্শী চাকমা, জেলা খাদ্য নিয়ন্ত্রক, খাগড়াছড়ি ।
১০. জনাব ফারুক আবদুল্লাহ, উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, খাগড়াছড়ি।
১১. জনাব আবু আবদুল্লাহ মো: ওয়ালী উল্লাহ, উপ-পরিচালক, সমাজ সেবা অধিদপ্তর, খাগড়াছড়ি।
১২. জনাব পূর্নেন্দু বিকাশ চাকমা, উপ-সহকারী প্রকৌশলী, সওজ বিভাগ , প্রতিনিধি নির্বাহী প্রকৌশলী, খাগড়াছড়ি।
১৩. জনাব মো: আরিফুর রহমান, পিপিএম, জেলা কমান্ডার (আনসার ভিডিপি), খাগড়াছড়ি।
১৪. ডা: মো: আলী আযম, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা পক্ষে উপ-পরিচালক, জেলা কৃত্রিম প্রজনন, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
১৫. ডা: মো: আলী আযম, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা পক্ষে জেলা ভেটেরিনারি হাসপাতাল, খাগড়াছড়ি।
১৬. জনাব মো: রফিকুল ইসলাম, জেলা শিক্ষা অফিসার, খাগড়াছড়ি ।
১৭. জনাব মো: আরিফুল ইসলাম, সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খাগড়াছড়ি ।
১৮. জনাব রোবেল চৌধুরী, আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, খাগড়াছড়ি।
১৯. জনাব মোঃ মাসুদুর রহমান, প্রাক্কলনিক প্রতিনিধি নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি।
২০. জনাব রিকাদু চাকমা, সহকারী প্রকৌশলী, এলজিইডি, খাগড়াছড়ি।
২১. জনাব মো: উজ্জল হোসেন, সহকারী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
২২. জনাব ত্রিদীপ কুমার ত্রিপুরা, উপ-সহকারী প্রকৌশলী, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২৩. জনাব অভিজিৎ পাল, বৈজ্ঞানিক কর্মকর্তা, পাহাড়ী কৃষি গবেষনা কেন্দ্র, খাগড়াছড়ি ।
২৪. জনাব উৎপল চাকমা, উপ-সহকারী নিবন্ধক পক্ষে জেলা সমবায় কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

Email- khdcbd@gmail.com,Fax-0371-61878

২৫. জনাব বিপিন শেখর চাকমা, সম্প্রসারণ কর্মকর্তা, শিসকে বিসিক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২৬. জনাব অনুজিতা চাকমা, প্রশিক্ষক প্রতিনিধি জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
২৭. জনাব ওয়োহ্লামং, পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি।
২৮. জনাব হাফিজা আইরিন,উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, খাগড়াছড়ি।
২৯. জনাব মানসী চাকমা, সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
৩০. জনাব হারুন অর রশিদ, জেলা ক্রীড়া অফিসার, খাগড়াছড়ি।
৩১. জনাব আরিফা জাহান চৌধুরী, উদ্যানতত্ত্ববিদ, হর্টিকালচার সেন্টারসমূহ খেজুরবাগান, নারানখাইয়া, মাটিরাংগা, পানছড়ি, দীঘিনালা, খাগড়াছড়ি।
৩২. জনাব উষানু চৌধুরী, জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, খাগড়াছড়ি।
৩৩. জনাব মোহাম্মদ জাকের হোসেন, উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস, খাগড়াছড়ি।
৩৪. জনাব পুলক কুমার সরকার, প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩৫. জনাব মোঃ আবুল বাহার, জেলা জনশক্তি ও জরিপ কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
৩৬. জনাব ক্যাচিং মারমা, ইউনিট ব্যবস্থাপক, পর্যটন মোটেল, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
৩৭. অধ্যক্ষ, খাগড়াছড়ি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, খাগড়াছড়ি।
৩৮. জনাব মোঃ নজরুল ইসলাম, সহকারী উপ-পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রক অধিদপ্তর, খাগড়াছড়ি।
৩৯. জনাব মোঃ রুবেল, সহকারী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, হাসপাতাল রোড, খাগড়াছড়ি।
৪০. জনাব অমর চান চাকমা, প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪১. জনাব মোঃ মাহমুদুল হাসান, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, খাগড়াছড়ি।
৪২. জনাব মোঃ নাজমুল আহসান, উপতত্ত্বাবধায়ক, সরকারি শিশু পরিবার, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
৪৩. জনাব ওয়েন চাকমা, লাইব্রেরিয়ান, জেলা সরকারি গনগ্রন্থাগার, খাগড়াছড়ি পার্বত্য জেলা।

<u>সভায় অনুপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা সংলগ্নি- 'খ'</u>

১. ট্যুরিস্ট পুলিশ, খাগড়াছড়ি জোন।
২. প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, পাহাড়াঞ্চল কৃষি গবেষনা কেন্দ্র, রামগড় ।
৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাজার ফান্ড, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
৪. উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান অফিস, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
৫. সহকারী প্রকৌশলী, বিএডিসি, খাগড়াছড়ি পার্বত্য জেলা অ
৬. সিনিয়র সহকারী পরিচালক, বিএডিসি(বীজ), খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
৭. উপ বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, খাগড়াছড়ি।
৮. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
৯. উপ পরিচালক, বিআরডিবি, খাগড়াছড়ি।
১০. সহকারী ব্যবস্থাপক, টেলিকম বিটিসিএল, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
১১. জেলা নির্বাচন কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
১২. সিনিয়র কৃষি বিপনন কর্মকর্তা, কৃষি বিপনন অধিদপ্তর, খাগড়াছড়ি।
১৩. উপ-পরিচালক, হর্টিকালচার সেন্টার, রামগড়, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
১৪. জেলা তথ্য কর্মকর্তা, খাগড়াছড়ি।
১৫. অধ্যক্ষ, খাগড়াছড়ি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, খাগড়াছড়ি।
১৬. খাগড়াছড়ি পৌরসভা, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।
১৭. জেলা কালচারাল কর্মকর্তা, জেলা শিল্পকলা একাডেমি, খাগড়াছড়ি পার্বত্য জেলা ।

Email- khdcbd@gmail.com,Fax-0371-61878